# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৯১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا أَبُو عَلِيٍّ إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، نَا إِسْمَاعِيلُ بْنُ إِسْحَاقَ الْقَاضِي ، ثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ ، قَالَ : قَالَ لِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ : هَذَا الْحَدِيثُ يَدُورُ عَلَى أَبِي الْعَالِيَةِ . فَقُلْتُ : قَدْ رَوَاهُ الْحَسَنُ مُرْسَلًا . فَقَالَ ، حَدَّثَنِي حَمَّادُ بْنُ زَيْدٍ ، عَنْ حَفْصِ بْنِ سُلَيْمَانَ الْمِنْقَرِيِّ ، قَالَ : أَنَا حَدَّثْتُ بِهِ الْحَسَنَ ، عَنْ حَفْصَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ . فَقُلْتُ : قَدْ رَوَاهُ إِبْرَاهِيمُ مُرْسَلًا . فَقَالَ عَبْدُ الرَّحْمَنِ : حَدَّثَنِي شَرِيكٌ ، عَنْ أَبِي هَاشِمٍ ، قَالَ : أَنَا حَدَّثْتُ بِهِ إِبْرَاهِيمَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، فَقُلْتُ : قَدْ رَوَاهُ الزُّهْرِيُّ مُرْسَلًا ، فَقَالَ : قَرَأْتُهُ فِي كِتَابِ ابْنِ أَخِي الزُّهْرِيِّ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ سُلَيْمَانَ بْنِ أَرْقَمَ ، عَنِ الْحَسَنِ

বাংলা

৫৯১(১৫). আবু আলী ইসমাঈল ইবনে মুহাম্মাদ আস-সাফফার (রহঃ) ... আলী ইবনুল মাদীনী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমাকে আবদুর রহমান ইবনে মাহদী (রহঃ) বলেছেন, এই হাদীস আবুল আলিয়া (রহঃ)-এর উপর নির্ভর করে। আমি বললাম, এই হাদীস আল-হাসান (রহঃ) মুরসালরূপে বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, আমার নিকট বর্ণনা করেছেন হাম্মাদ ইবনে যায়েদ-হাফস ইবনে সুলায়মান আল-মিনকারী। তিনি বলেন, আমি এই হাদীস হাফসা (রহঃ)-আবুল আলিয়া (রহঃ) সূত্রে আল-হাসান (রহঃ)-এর নিকট বর্ণনা করেছি। আমি বলেছি, এই হাদীস ইবরাহীম (রহঃ) মুরসালরূপে বর্ণনা করেছেন। আবদুর রহমান (রহঃ) বলেন, আমার নিকট বর্ণনা করেছেন শারীক (রহঃ) আবু হাশেম (রহঃ) সূত্রে। তিনি বলেন, আমি এই হাদীস ইবরাহীম (রহঃ)-এর নিকট আবুল আলিয়া (রহঃ) সূত্রে বর্ণনা করেছি। আমি বলেছি, আয-যুহরী (রহঃ) এই হাদীস মুরসালরূপে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আমি এই হাদীস আয-যুহরীর ভ্রাতুষ্পত্রের কিতাবে সুলায়মান ইবনে আরকাম-আল-হাসান সূত্রে পড়েছি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনুল মাদীনী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80380

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন